নবম অধ্যায়
রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা

[বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বেসরকারি খাত উন্নয়নে অনুসৃত 'রাষ্ট্রায়ত্ত খাত বেসরকারিকরণ কর্মসূচি' সত্ত্বেও রাষ্ট্রায়ত্ত খাত এখনও জাতীয় উৎপাদনশীলতা, মূল্য সংযোজন, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। ২০১১-১২ অর্থবছরে এসব সংস্থার পরিচালন রাজস্ব বৃদ্ধির হার ছিল ৫২.০৫ শতাংশ। তবে উৎপাদন ব্যয়ের হিসেবে ২০০৭-০৮ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ৭,৬১২ কোটি টাকা, যা ২০১১-১২ অর্থবছরে হ্রাস পেয়ে (-) ১,৬৪৩ কোটি টাকায় দাঁড়ায়। ২০১১-১২ অর্থবছরে সামগ্রিকভাবে এসব সংস্থার নিট মুনাফা ছিল (-) ৯,৪১৪.৮০ কোটি টাকা। অন্যদিকে যেসব সংস্থা মুনাফা করেছে তা লভ্যাংশ হিসেবে ৪৫৯.৬৬ কোটি টাকা সরকারি কোষাগারে জমা করেছে। ২০১১-১২ অর্থবছর পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রীয় সংস্থার নিকট মোট ডিএসএল বাবদ পাওনার অঙ্ক ১,২০,৬৮,৭৭১.৩১ কোটি টাকা। মার্চ, ২০১৩ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের নিকট ২২টি রাষ্ট্রীয় সংস্থার মোট ঋণের পরিমাণ ৩৭,১৮৯.৯৪ কোটি টাকা, যার মধ্যে শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ৬২৬.৪৩ কোটি টাকা। ২০০৭-০৮ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত খাতের মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) ৩.০৫ শতাংশ হলেও ২০১১-১২ অর্থবছরে তা -৩.৮১ শতাংশে পৌঁছে। পরিচালন রাজস্বের ওপর নিট মুনাফার হার ২০১১-১২ অর্থবছরে -৮.৮০ শতাংশে দাঁড়িয়েছে। ইক্যুইটির ওপর লভ্যাংশের হার ২০০৭-০৮ অর্থবছরে ছিল ০.৯৭ শতাংশ, যা ২০১১-১২ অর্থবছরে ১.৪৯ শতাংশে দাঁড়িয়েছে এবং সম্পদের টার্নওভার বিবেচনায় ২০১১-১২ অর্থবছরের সম্পদ ব্যবহারের দক্ষতা ২০১০-১১ অর্থবছরের তুলনায় হ্রাস পেয়েছে।]

দেশীয় শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে ক্রমসম্প্রসারমাণ ব্যক্তিখাতের বিনিয়োগের আওতা ও গভীরতা বৃদ্ধির পাশাপাশি রাষ্ট্রীয় খাতের বিনিয়োগও উজ্জ্বলভাবে উপস্থিত। দেশে বিদ্যমান রাষ্ট্রায়ত্ত সংস্থাকে (অ-আর্থিক) বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী ৭টি সেক্টরে বিভক্ত করে রাষ্ট্রায়ত্ত খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ সম্পন্ন করা হয়েছে। নিম্নের সারণিতে এসব সংস্থার শ্রেণীবিণ্যাস দেখানো হল:

সারণি ৯.১: রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ (অ-আর্থিক)

ক্র: নং	সেক্টর	সংস্থার সংখ্যা	সংস্থার নাম
১।	শিল্প	৬টি	বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২।	বিদ্যুৎ, গ্যাস ও পানি	৭টি	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, ঢাকা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, রাজশাহী পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, খুলনা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ ।
৩।	পরিবহণ ও যোগাযোগ	৭টি	বাংলাদেশ সমুদ্র পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ।
৪।	বাণিজ্য	৩টি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন।
৫।	কৃষি	২টি	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬।	নির্মাণ	৫টি	চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৭।	সার্ভিস	১৬টি	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট ।

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

রাষ্ট্রায়ত্ত খাতের উৎপাদন ও উপাদান আয়

২০০৭-০৮ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল ২০,০১৮ কোটি টাকা, যা ২০১১-১২ অর্থ বছরে বৃদ্ধি পেয়ে ১,০৬,৯৯৩.০২ কোটি টাকায় দাঁড়িয়েছে। বার্ষিক প্রবৃদ্ধির হার ৫২.০৫ শতাংশ। উক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ৭২.০২ শতাংশ বৃদ্ধি পায়। উৎপাদন ব্যয়ের নিরিখে ২০০৭-০৮ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ৭,৬১২ কোটি টাকা, যা ২০১১-১২ অর্থবছরে হ্রাস পেয়ে -১,৬৪৩ কোটি টাকায় দাঁড়ায়। মূল্য সংযোজনের প্রবৃদ্ধির হার ছিল -৩৭.৬৯ শতাংশ। ২০০৭-০৮ অর্থ বছরে রাষ্ট্রায়ত্ত খাতে পরিচালন উদ্বৃত্ত ছিল ৩,৬১০ কোটি টাকা, ২০১১-১২ অর্থবছরে পরিচালন রাজস্বের ঘাটতি দাঁড়ায় ৮,৩৪২.৩৮ কোটি টাকা। নিম্নের সারণি ৯.২ এ ২০০৭-০৮ থেকে ২০১১-১২ পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোজন, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার দেখানো হলো।

সারণি ৯.২: অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোগ, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার

(কোটি টাকায়)

	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	প্রবৃদ্ধির হার ২০০৭-০৮ থেকে ২০১১-১২
পরিচালন রাজস্ব	২০,০১৮	৩৯,৫৪৭	৬৪,৯৫৮	৭৯,৬৯৪	১,০৬,৯৯৩.০২	৫২.০৫
ক্রীত পণ্য ও সেবা	১২,৪০৬	৩১,১৪২	৫৫,৬২২	৮১,৫২২	১,০৮,৬৩৫.৫৫	৭২.০২
মূল্যসংযোজনঃ উৎপাদন ব্যয়ের হিসাবে	৭,৬১২	৮,৪০৫	৯,৩৩৬	-১,৮২৮	-১,৬৪৩	-৩৭.৬৯
বেতন ও ভাতাদি	১,৯৩০	২,১৭২	৩,১১৬	৩,৩২১	৩,৪৯৩	১৫.৯৯
অবচয়	২,০৭৩	২,৪৩৬	২,৫৬৩	২,৮৬০	৩,২০৬.৬৫	১১.৫২
পরিচালন (উদ্বৃত্ত/লোকসান)	৩,৬১০	৩,৭৯৮	৩,৬৫৭	-৮,০১০	-৮,৩৪২.৩৮	-১৯.৯৩
মূল্য সংযোজন	৭,৬১২	৮,৪০৫	৯,৩৩৬	-১,৮২৮	-১,৬৪৩	-৩৭.৬৯

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। তারিখ- ২২.০৪.২০১৩ পর্যন্ত

নিট মুনাফা/লোকসান

২০১০-১১ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নিট লোকসান ছিল ৯,১৯১.৪৭ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরে নিট লোকসান হয়েছে ৯,৪১৪.৮০ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরের (২২.০৪.২০১৩ পর্যন্ত) সংশোধিত হিসাব মতে, নিট লোকসান ৭,৩৮৬.৫৪ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লোকসান পূর্ববর্তী অর্থ বছরের (২০১১-১২) ৬,৩৫৯.৮৬ কোটি টাকা থেকে ৫,৭৫০.০৯ কোটি টাকায় হ্রাস পেয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ২০১২-১৩ অর্থবছরে (সংশোধিত) এপ্রিল ২০১৩ পর্যন্ত ৬,৯৪১.৪৬ কোটি টাকা লোকসানের সম্মুখীন হয়েছে। অপরদিকে, ২০১২-১৩ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহের মধ্যে যে সকল সংস্থার নিট মুনাফা/লোকসান উল্লেখযোগ্য হারে হ্রাস/বৃদ্ধি ঘটবে সেগুলো হলো: বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (নিট মুনাফা পূর্ববর্তী অর্থ বছরের (২০১১-১২) ৩৩৪.৪৫ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৫১৩.৮১ কোটি টাকা), ঢাকা ওয়াসা (নিট মুনাফা ২০.৩০ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৮০.৬৯ কোটি টাকা), চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (নিট মুনাফা ৪৪.৭১ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৬৭.২৫ কোটি টাকা), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (নিট মুনাফা ১৫৬.৮৮ কোটি টাকা হতে কমে ১১৭.৬০ কোটি টাকা), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (নিট মুনাফা ৬৮.৪০ কোটি টাকা হতে হ্রাস পেয়ে লোকসান ১২৭.২১ কোটি টাকা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (নিট মুনাফা ৫৫৩.৯৮ কোটি টাকা হতে হ্রাস পেয়ে ৩৪৬.৭২ কোটি টাকা), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (নিট লোকসান ২০১১-১২ অর্থবছরে ১১,৩৭১.৩১ কোটি টাকা থেকে হ্রাস পেয়ে ২০১২-১৩ অর্থবছরে ৬,৯৪১.৪৬ কোটি টাকা) । রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নিট মুনাফা/লোকসানের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৩৫ এ দেখা যেতে পারে।

সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদান

রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ২০১০-১১ অর্থবছরে লভ্যাংশ হিসাবে মোট ৫৪৪.৯৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০১১-১২ অর্থবছরে এর পরিমাণ হ্রাস পেয়ে ৪৫৯.৬৬ কোটি টাকায় উপনীত হয়। সংশোধিত হিসাব মতে, ২০১২-১৩ অর্থবছরে (২২.০৪.২০১৩ পর্যন্ত হিসাব অনুযায়ী) এর পরিমাণ বৃদ্ধি পেয়ে ৯৬১.৬৫ কোটি টাকা হতে পারে মর্মে ধরা হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে যে সকল সংস্থা উল্লেখযোগ্য হারে লভ্যাংশ প্রদান করবে বলে আশা করা যায় তাদের মধ্যে রয়েছে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (৮০০.০০ কোটি টাকা), বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (৪.০০ কোটি টাকা), চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ (৬৫.০০ কোটি টাকা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (৪২.০০ কোটি টাকা), বেপজা (২০.০০ কোটি টাকা),জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ (৬.০০ কোটি টাকা), রাজউক (৫.৫০ কোটি টাকা)। রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদত্ত লভ্যাংশের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৩৬ দ্রষ্টব্য ।

সরকারি অনুদান/ভর্তুকি প্রদান

সরকার ২০১১-১২ অর্থবছরে ১২ টি রাষ্ট্রীয় সংস্থাকে অনুদান/ভর্তুকি হিসেবে ১,৩১৯.৪৬ কোটি টাকা প্রদান করেছে। ২০১২-১৩ অর্থ বছরে এর পরিমাণ হয়েছে ১,৩৮১.৮৩ কোটি টাকা। ২০১২-১৩ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে ৬৫২.৬২ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৬৪০.২৯ কোটি টাকা । তাছাড়া, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে ২৯২.৯৪ কোটি টাকা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষকে ১২৭.২৬ কোটি টাকা, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনকে ৬৪.৩৫ কোটি টাকা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে ৭৫.৬৫ কোটি টাকা এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশনকে ১৩৫.৮৩ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। সারণি ৯.৩ এ ২০০৪-০৫ থেকে ২০১২-১৩ পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ দেখানো হলো:

সারণি ৯.৩: রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ

(কোটি টাকায়)

কর্পোরেশন/ প্রতিষ্ঠানের নাম	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২ (সাময়িক)	২০১২-১৩ (সংশোধিত)
বিসিআইসি	-	-	০	০	০	০	০	০	০
বিএসইসি	-	-	০	০	০	০	০	০	০
বিজেএমসি	২৯.৫৭	১০০.০০	৩৪.৯৯	৩৪.৯৯	৩৪.৪৫	৬৫.১২	৯৪.২৪	১০৬.১২	১৩৫.৮৩
বিআইডব্লিউটিসি	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
আরডিএ	০.০৯	০.১২	০.১৩	০.১৫	০.১৫	০.২	০.২০	০.২১	০.২৮
বিএফএফডব্লিউটি	১৬.৪৪	১৮.১৯	১৮.২৯	২৭.৭	৪৪.৫৩	৬১.১৬	৭৮.৪০	৭৪.০৬	৭৫.৬৫
বিআইডব্লিউটিএ	৩১.৮৮	৫২.১৯	৫০.৫৪	৪২.৪৫	৮২.৪৯	৯৮.২৪	১৪০.৫৬	১২০.১৬	১২৭.২৬
বিএসসিআইসি	২২.৫১	২৬.৫	২৮.৫০	৩৬.৯৮	৩৯.৯৬	৪৭.৭৪	৬২.২১	৬৪.৪৩	৬৪.৩৫
আরইবি	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	০	০
বিএইচবি	৪.৬১	৭.৯৯	৭.৪৩	৭.৪৩	--	--	-	০	০
বিএসবি	৪.২৬	৩.৯৭	৪.৩২	৬.২৯	৮.৮৯	১০.৪	১৩.৮৫	১৫.৩৬	১১.৭৫
ইপিবি	১০.০০	১২.০০	১১.০০	১২.৩০	১৩.৮১	১৩.৮১	১৬.০০	১৬.০০	১৮.০০
বিএডিসি	৪২.০০	৫৮.৬২	৬৬.৫	৮৬.৬২	১৫৫.০০	২০৪.২৭	২৩৯.১৯	২৭৯.৩০	২৯২.৯৪
বিডব্লিউডিবি	২৫১.৮৩	২৭৯.০১	২২৮.২৪	২২৮.২৪	৫৭১.৬২	৬৪৫.৭৪	৫৩১.৬৬	৬৪০.২৯	৬৫২.৬২
বিইআরসি	-	০.৫৪	০.৭৭	১.০০	০.০০	০.০০	০.০০	০	০.০০
এনএইচএ	-	-	-	১.৬	--	--	-	০.১৫	০.১৫
বিএসআরটিআই			১.৪৪	-	১.৭৯	১.৪২	২.৮৪	২.৮৮	২.৫০
মোট	৪২১.৬৯	৫৬৭.৬৩	৪৬০.৬৯	৪৯৪.২৫	৯৬১.১৯	১১৫৬.৬	১১৮৭.৬৫	১৩১৯.৪৬	১৩৮১.৮৩

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। তারিখ- ২২.০৪.২০১৩ পর্যন্ত

সরকারি দায় -দেনা (Debt Service Liabilities)

অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা ২০১১-১২ অর্থ বছর পর্যন্ত ১০৪টি স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্তশাসিত/ স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার বকেয়ার পরিমাণ নির্ধারণ করেছে। হিসাব মতে, ২০১১-১২ অর্থবছর শেষে এসব অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার নিকট মোট বকেয়ার পরিমাণ দাড়াঁয় ১,২০,৬৮,৭৭১.৩১ কোটি টাকা । সরকারের ডিএসএল পাওনা ও আদায়ের সাময়িক হিসাব **পরিশিষ্ট-৩৭** এ দেখা যেতে পারে।

ব্যাংক ঋণ

২২ টি রাষ্ট্রীয় সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের মার্চ, ২০১৩ পর্যন্ত মোট ৩৭,১৮৯.৯৪ কোটি টাকা ঋণ রয়েছে যার মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ৬২৬.৪৩ কোটি টাকা (১.৬৮ শতাংশ)। যে সকল সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের সর্বোচ্চ ঋণ রয়েছে সেগুলো হল: বিপিসি (১৯,৯৮৫.৮৫ কোটি টাকা), বিপিডিবি (৪,৮১২.৫৯ কোটি টাকা), বিসিআইসি (৩,৯১০.৯৯ কোটি টাকা), বিএসএফআইসি (২,৩২৫.১২ কোটি টাকা), বিওজিএমসি (২,০২৮.৯৪ কোটি টাকা), বিএডিসি (১,৭৪৪.৪৩ কোটি টাকা), বিডব্লিউডিবি (৫৫৩.৭২), বিজেএমসি (৫৪৬.৩৯ কোটি টাকা),বিএসইসি (৩১৪.৪৬ কোটি টাকা), টিসিবি (২৬৮.৮২), বিটিএমসি (১৬৬.১৫ কোটি টাকা), ও বিএসসি (৪১.৫৮ কোটি টাকা)। অন্যদিকে, যে সকল সংস্থার নিকট সর্বোচ্চ শ্রেণীবিন্যাসিত ঋণ রয়েছে সেগুলোঃ বিএডিসি (৩৫২.৩১ কোটি টাকা), বিটিএমসি (১৬০.৬৬ কোটি টাকা), বিসিআইসি (৮৯.৫২ কোটি টাকা), বিটিবি (৯.৬৩), বিএসএফআইসি (৫.৯৯ কোটি টাকা), বিএসইসি (৪.৩৩ কোটি টাকা) ও বিএসসিআইসি (২.৭৮ কোটি টাকা। রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহের বকেয়া ও শ্রেণীবিন্যাসকৃত ঋণের ক্রমপুঞ্জিত পরিমাণ পরিশিষ্ট-৩৮ এ দেয়া হয়েছে।

রাষ্ট্রায়ত্ত খাতের আর্থিক বিশ্লেষণ

বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত খাতের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সকল কর্পোরেশনের আর্থিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে মোট সম্পদের ওপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি-৯.৪: ২০০৭-০৮ হতে ২০১১-১২ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত খাতের অর্জিত মুনাফা

(কোটি টাকায়)

	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	প্রবৃদ্ধির হার ২০০৭-০৮ হতে ২০১১-১২ পর্যন্ত
১। পরিচালন রাজস্ব	২০,০১৮	৩৯,৫৪৭	৬৪,৯৫৮	৭৯,৬৯৪	১০৬,৯৯৩	৫২.০৫
২। পরিচালন উদ্বৃত্ত	৩,৬১০	৩,৭৯৪	৩,৬৫৭	-৮,০১০	৮,৩৪২.৩৮	-১৯.৯৩
৩। পরিচালন বহির্ভূত রাজস্ব	৮৩৬	২,০৪৭	১,৬০৯	১,৫৭৩	২,৩৫৬	২৯.৫৭
৪। কর্মচারী অংশীদারী তহবিল	৯০	১১৪	১২০	৩৮	৭২.৫৬	-৫.২৪
৫। ভর্তুকী (প্রত্যক্ষ)	৮	১৪	৭	৯	৭৮.০৯	৭৬.৭৬
৬। সুদ	৭১১	১,০৫৮	১,৬৫৪	১,৮৬১	২,৪৮৮.৫২	৩৬.৭৮
৭। করপূর্ব নীট লাভ/লোকসান (২+৩+৫)-(৪+৬)	৩,৬৫৩	৪,৬৮৩	৩,৪৯৯	-৮,৩২৭	-৮৫৮২	-১৯.৮৭
৮। কর	৮৫৯	১,৩৯৬	১,০১০	৩১৪	৮৩৩.১৮	-০.৭৬
৯। কর উত্তর নীট লাভ/লোকসান (৭-৮)	২,৭৯৪	৩,২৮৭	২,৪৮৯	-৮,৬৪১	-৯৪১৫	-১৮.৭৭
১০। লভ্যাংশ (ডিভিডেন্ড)	৫৪৩	৩৯৫	৫১৩	৬০৬	৪৫৯.৬৬	-৪.০৮
১১। সংরক্ষিত আয় (৯-১০)	২,২৫১	২,৮৯২	১,৯৭৬	-৯,২৪৭	-৯,৮৭৫	-১৮.১৫
১২। মোট বিনিয়োগ/ফান্ড	১,১৮,২৫১	১,৯৫,৫৪১	১,৯৩,৭৭৪	১,০৫,৮১৪	২১৮,৮৯০	১৬.৬৪
১৩। ইক্যুইটি	৫৫,৭১৪	৮২,৬৭৭	৬৩,৯৮২	৫১,৮৪৪	৩০,৮৪৭	-১৩.৭৪
১৪। মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার (২÷১২)	৩.০৫	১.৯৪	১.৮৯	-৪.২৬	-৩.৮১	-২২.৭০
১৫। পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার (৯÷১)	১৩.৯৬	৮.৩১	৩.৮৩	-১১.৭৩	-৮.৮০	-২৭.৩৩

	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	প্রবৃদ্ধির হার ২০০৭-০৮ হতে ২০১১-১২ পর্যন্ত
১৬। ইকুইটির ওপর লভ্যাংশের হার (১০÷১৩)	০.৯৭	০.৪৮	০.৮০	১.৬২	১.৪৯	১১.২০
১৭। মোট সম্পদের টার্নওভার (১÷১২)	০.১৭	০.২০	০.৩৪	০.৪১	.৪৯	৩০.৩৬

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। তারিখ- ২২.০৪.২০১৩ পর্যন্ত



সারণি ৯.৩ হতে দেখা যায় যে, রাষ্ট্রায়ত্ত খাতের মোট পরিসম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) ২০০৭-০৮ অর্থবছরে ছিল ৩.০৫ শতাংশ যা ২০১১-১২ অর্থ বছরে -৩.৮১ শতাংশে উপনীত হয়েছে। ২০০৭-০৮ অর্থ বছরে পরিচালন রাজস্বের ওপর নিট মুনাফার হার ছিল ১৩.৯৬ শতাংশ যা ২০১১-১২ অর্থ বছরে -৮.৮০ শতাংশে দাঁড়িয়েছে। ইক্যুইটির উপর লভ্যাংশের হার ২০০৭-০৮ অর্থবছরে ছিল ০.৯৭ শতাংশ যা ২০১১-১২ অর্থবছরে ১.৪৯ শতাংশে দাঁড়িয়েছে। সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায়, ২০১১-১২ অর্থবছরের সম্পদ ব্যবহারের দক্ষতা ২০১০-১১ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।